

# সব শিক্ষা প্রতিষ্ঠানে বিশেষ আয়োজন

নিজস্ব প্রতিবেদক

০৩ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক আমাদের সময়



পরিত্র সৈদে মিলাদুল্লাহী (স.) উদয়াপন উপলক্ষে দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে বিশেষ কর্মসূচি পালনের নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)। আগামী ৬ সেপ্টেম্বর, ১২ রবিউল আউয়াল ১৪৪৭ হিজরিতে যথাযোগ্য মর্যাদা ও ধর্মীয় ভাবগান্তীর্থের সঙ্গে দিবসচি পালনের আহ্বান জানানো হয়েছে।

গতকাল মঙ্গলবার জারি করা এক নির্দেশনায় মাউশি জানিয়েছে, দিবসের সূচনায় সব শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। পাশাপাশি হ্যারত মুহাম্মদ (স.)-এর জীবন ও কর্ম এবং ইসলামের শান্তি, প্রগতি, সৌহার্দ, সহিষ্ণুতা, বিশ্ব আত্ম, মানবাধিকার ও নারীর মর্যাদার বার্তা শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে দিতে আলোচনাসভার আয়োজন করতে হবে।

এ ছাড়া দোয়া ও মিলাদ মাহফিল, হামদ-নাত পরিবেশন, স্বরচিত কবিতা পাঠ, সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং হ্যারত মুহাম্মদ (সা.)-এর জীবনীর ওপর কুইজ প্রতিযোগিতা আয়োজনের নির্দেশনা দেওয়া হয়েছে।

মাউশির নির্দেশনায় আরও বলা হয়, এসব কর্মসূচির মাধ্যমে শিক্ষার্থীরা নবীজির জীবনাদর্শ থেকে শিক্ষা নিয়ে শান্তি, সৌহার্দ ও মানবিক মূল্যবোধে উদ্বৃদ্ধ হবে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে নিজস্ব পরিবেশ ও শিক্ষার্থীদের অংশগ্রহণের ভিত্তিতে যথাসন্তুষ্ট জাঁকজমকপূর্ণভাবে অনুষ্ঠানমালা সম্পন্ন করার আহ্বান জানানো হয়েছে।